

## রফিকুল ইসলাম স্কুল অ্যান্ড কলেজ জেএসসির প্রবেশপত্র হাজার টাকা : ক্ষুব্ধ অভিভাবকরা

### দনিয়া প্রতিনিধি

চলতি জেএসসি পরীক্ষার প্রবেশপত্র বাবদ এক হাজার টাকা করে নিয়েছে রাজধানীর রফিকুল ইসলাম স্কুল অ্যান্ড কলেজ। মঙ্গলবার জেএসসি পরীক্ষা কেন্দ্র ঢাকা-৩৭ (শেখদি আবদুল্লাহ মোল্লা উচ্চ বিদ্যালয়) ফটকের সামনে অভিভাবকরা এ ঘটনায় ক্ষোভ প্রকাশ করেন। রফিকুল ইসলাম স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মো. জসিম উদ্দিন এবং কো-অর্ডিনেটর বানী লুৎফা টাকা নেয়ার কথা স্বীকার করেছেন। রফিকুল ইসলাম স্কুল অ্যান্ড কলেজের অভিভাবকরা অভিযোগ করে বলেন, ২০১৬ সালের জেএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন ও ফরম ফিল্লাপ করার সময় ১০০ টাকা নিয়েছে। এখন প্রবেশপত্র বাবদ ১ হাজার টাকা করে নেয়া হয়েছে। তারা বলেন, আমরা পরীক্ষার কেন্দ্রে এসে জানতে পারি অন্য স্কুলের অভিভাবকরা প্রবেশপত্র বাবদ কোনো টাকা দেননি। অভিভাবকরা অভিযোগ করে বলেন, স্কুল কর্তৃপক্ষ যা বলে আমাদের তা কুরতে হয়, নাচেত ছেলে-মেয়েদের স্কুল থেকে বের করে দেয়। রফিকুল ইসলাম স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মো. জসিম উদ্দিন এবং কো-অর্ডিনেটর বানী লুৎফা প্রবেশপত্র বাবদ এক হাজার টাকা নেয়ার কথা স্বীকার করে বলেছেন, পরীক্ষার কেন্দ্র ফি, রেজিস্ট্রেশন ও ফরম ফিল্লাপ এবং আনুষঙ্গিক খরচ বাবদ প্রবেশপত্র দেয়ার সময় এক হাজার টাকা রসিদের মাধ্যমে নেয়া হয়েছে।